শ্রেণী :

# সহজ উর্দূ

## (প্রথম ভাগ)

গবেষণা বিভাগ

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

নাম : ______________________ মোবাইল নং : ______________

প্রতিষ্ঠানের নাম : ______________________

শ্রেণী : ____________ শাখা : ____________ রোল নং : ____________

**প্রকাশক**

**হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ**
নওদাপাড়া, রাজশাহী-৬২০৩
হাফাবা প্রকাশনা-১২৩
ফোন : ০২৪৭-৮৬০৮৬১
মোবাইল : ০১৮৩৫-৪২৩৪১০, ০১৭৭০-৮০০৯০০

# الأردية الميسرة

**تأليف : قسم البحوث**

الناشر : حديث فاؤنديشن بنغلاديش
(مؤسسة الحديث للطباعة والنشر)

**১ম প্রকাশ** : ডিসেম্বর ২০২১ খ্রি.

**॥ সর্বস্বত্ব প্রকাশকের ॥**

**কম্পোজ**
হাদীছ ফাউণ্ডেশন কম্পিউটার্স

**মুদ্রণ**
হাদীছ ফাউণ্ডেশন প্রেস, নওদাপাড়া, রাজশাহী

**নির্ধারিত মূল্য**
৩৫ (পঁয়ত্রিশ) টাকা মাত্র

**Shohoj Urdu (1st Part)** compiled by **Department of Research**. Published by **HADEETH FOUNDATION BANGLADESH**. Nawdapara, Rajshahi, Bangladesh. Ph : 88-0247-860861. Mob: 01835-423410, 01770-800900. E-mail : tahreek@ymail.com. Web : www.hadeethfoundationbd.com, www.hfeb.net.

# সূচীপত্র (فہرست)


| | | |
|---|---|---|
| | **প্রকাশকের কথা** | ৪ |
| **প্রথম পাঠ** | উর্দূ হরফ পরিচিতি | ৫ |
| **দ্বিতীয় পাঠ** | উর্দূ শব্দ পরিচিতি | ৭ |
| **তৃতীয় পাঠ** | দুই হরফের শব্দ শিখি | ১১ |
| | তিন হরফের শব্দ শিখি | ১২ |
| | চার হরফের শব্দ শিখি | ১৩ |
| **চতুর্থ পাঠ** | হরকতের ব্যবহার | ১৫ |
| **পঞ্চম পাঠ** | জযম, তাশদীদ ও তানভীনের ব্যবহার | ১৭ |
| **ষষ্ঠ পাঠ** | যুক্তবর্ণ শিখি | ১৯ |
| **সপ্তম পাঠ** | নূন গুন্নাহ | ২১ |
| **অষ্টম পাঠ** | যমীর বা সর্বনাম | ২৩ |
| **নবম পাঠ** | ইঙ্গিত করা শব্দ | ২৪ |
| **দশম পাঠ** | প্রশ্ন করা শিখি | ২৫ |
| **একাদশ পাঠ** | সংখ্যা গণনা | ২৬ |
| **দ্বাদশ পাঠ** | সাত দিনের নাম | ২৮ |
| | বারো মাসের নাম | ২৮ |
| | সময় | ২৯ |
| | দিক সমূহের নাম | ২৯ |
| | রং সমূহের নাম | ২৯ |
| | কাল সমূহের নাম | ২৯ |
| **ত্রয়োদশ পাঠ** | শব্দকোষ | ৩১ |
| **চতুর্দশ পাঠ** | কথোপকথন | ৩৬ |
| **পঞ্চদশ পাঠ** | শুদ্ধভাবে পড়ি ও লিখি | ৩৮ |
| **ষষ্ঠদশ পাঠ** | কবিতা | ৪৩ |

বিসমিল্লা-হির রহমা-নির রহীম

# প্রকাশকের কথা

আমাদের জাতীয় শিক্ষাব্যবস্থায় প্রাক-প্রাথমিক থেকে শুরু করে উচ্চ মাধ্যমিক পর্যন্ত সকল স্তরে সরকারী ও বেসরকারী উদ্যোগে রচিত হয়েছে অসংখ্য পাঠ্যপুস্তক। শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রমে এগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তবে দুঃখের বিষয় হল, এ সকল পাঠ্যপুস্তক রচনায় অধিকাংশ লেখক ধর্মীয় ও সামাজিক ক্ষেত্রে শিরক-বিদ'আতের কুপ্রভাব থেকে মুক্ত থাকতে পারেননি। ফলে সেখানে সন্নিবেশিত বিষয়াবলী অনেক ক্ষেত্রেই বিশুদ্ধ ইসলামী আক্বীদা-আমল বহির্ভূত হওয়ায় শিক্ষার্থীদের কোমল মনে জীবনের ঊষালগ্নেই অনুপ্রবেশ করছে অসংখ্য ভুল, মিথ্যা ও কুসংস্কার। ফলে ভবিষ্যৎ বংশধরদের মধ্যে যেমন একদিকে ইসলামের প্রকৃত নূর ও হেদায়াত প্রতিফলিত হচ্ছে না, অপরদিকে অভ্রান্ত সত্যের মূল উৎস পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের বিশুদ্ধ বার্তা সম্পর্কেও তারা থাকছে বেখবর। এমতাবস্থায় ছোট্ট সোনামণিরা যাতে সঠিক ইসলামী আক্বীদা ও আমলের সাথে পরিচিত হতে পারে এজন্য **'হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ'** প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাস্তরের জন্য ছহীহ আক্বীদা ও আমলভিত্তিক প্রয়োজনীয় পাঠ্যপুস্তক রচনার প্রকল্প হাতে নিয়েছে। **'সহজ উর্দূ'** বইটি এরই অন্তর্ভুক্ত। পাক-ভারত উপমহাদেশের অন্যতম গুরুত্বপূর্ণ ভাষা হল উর্দূ ভাষা। প্রায় শত কোটি জনগোষ্ঠী এই ভাষা ব্যবহার করে। সবচেয়ে বড় কথা হল, এই ভাষার বুকে রক্ষিত আছে ভারতবর্ষের শ্রেষ্ঠ ইসলামী মনীষীদের অমূল্য ইলমী উত্তরাধিকার। রয়েছে ইসলামী জ্ঞান ও মুসলিম সভ্যতার এক বিশাল রত্নভাণ্ডার। সেজন্য উর্দূ ভাষায় পর্যাপ্ত দক্ষতা অর্জন করা আমাদের ভবিষ্যৎ বংশধরদের জন্য যথেষ্ট গুরুত্বের দাবী রাখে।

আশা করি বইটি ছোট্ট সোনামণিদের উর্দূ ভাষা শিক্ষার পথে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এটি রচনা ও পরিমার্জনে যারা সহযোগিতা করেছেন তাদের সকলের প্রতি রইল কৃতজ্ঞতা। আল্লাহ আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টা কবুল করুন এবং একে আমাদের নাজাতের অসীলা করুন- আমীন!

সচিব
হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

# প্রথম পাঠ

## উর্দূ হরফ পরিচিতি

*[উর্দূ বর্ণমালা ৩৮টি। পক্ষান্তরে আরবী বর্ণমালা ২৯টি। আরবী বর্ণমালার সাথে অতিরিক্ত কিছু বর্ণ যোগ করে উর্দূ বর্ণমালা প্রস্তুত করা হয়েছে। তবে কিছু ক্ষেত্রে উচ্চারণ পদ্ধতির ভিন্নতা রয়েছে। যেমন আরবী বর্ণমালায় ব্যবহৃত বা, তা, ছা উর্দূ বর্ণমালায় বে, তে, ছে উচ্চারণ করা হয়। শিক্ষক-শিক্ষিকাগণ হরফগুলোর সঠিক উচ্চারণ শিখাবেন]*

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ا<br>আলিফ | | | |
| ث<br>ছে | ٹ<br>টে | ت<br>তে | پ<br>পে | ب<br>বে | |
| خ<br>খে | ح<br>হে | چ<br>চে | ج<br>জীম | | |
| ذ<br>যাল | ڈ<br>ডাল | د<br>দাল | | | |
| ژ<br>ঝে | ز<br>যে | ڑ<br>ড়ে | ر<br>রে | | |
| ظ<br>যোয়া | ط<br>ত্বোয়া | ض<br>যোয়াদ | ص<br>ছোয়াদ | ش<br>শীন | س<br>সীন |
| گ<br>গাফ | ک<br>কাফ | ق<br>ক্বফ | ف<br>ফে | غ<br>গায়িন | ع<br>আয়িন |
| ھ<br>চশমা হে | ہ<br>হে | و<br>ওয়াও | ن<br>নূন | م<br>মীম | ل<br>লাম |
| ے<br>ইয়া (বড়) | ی<br>ইয়া (ছোট) | ء<br>হামযাহ | | | |

## অনুশীলনী-১

**১. নিচের হরফগুলো সুন্দর করে লেখ :**

ا ب پ ت ٹ ث

ج چ ح خ د ڈ ذ

ر ڑ ز ژ س ش ص ض

ط ظ ع غ ف ق ک گ

ل م ن ں و ہ ھ ء ي ے

**২. নিচের হরফগুলো ধারাবাহিকভাবে সাজিয়ে লেখ :**


| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| چ | ژ | ہ | ٹ | ص | پ | م | ر |
| ج | ز | ڑ | ا | ذ | ڈ | ل | خ |
| ء | ے | ع | ظ | ن | ض | ت | گ |
| ف | ث | و | ط | ب | د | ش | ک |
| | | ی | ح | س | ق | غ | ھ |


**৩.** উর্দূ হরফ কয়টি? বল ও লেখ।


**৪.** আরবী হরফ ছাড়া অতিরিক্ত উর্দূ হরফগুলো চিহ্নিত কর ও লেখ।

# দ্বিতীয় পাঠ

## উর্দূ শব্দ পরিচিতি

| | | | |
|---|---|---|---|
|  باغ<br>বাগান (বাগ) | ب<br>بـ |  انڈا<br>ডিম (আন্ডা) | ا |
|  تاج<br>মুকুট (তাজ) | ت<br>تـ |  پا<br>পা (পা) | پ<br>پـ |
|  ثمر<br>ফল (ছামার) | ث<br>ثـ |  ٹاٹ<br>চট (টাট) | ٹ<br>ٹـ |
|  چاقو<br>ছুরি (চাকু) | چ<br>چـ |  جگر<br>কলিজা (জিগর) | ج<br>جـ |
|  خانہ<br>বাড়ি (খানা) | خ<br>خـ |  حلوا<br>মিষ্টি (হালওয়া) | ح<br>حـ |
|  ڈر<br>ভয় (ডার) | ڈ |  دانت<br>দাঁত (দাঁত) | د |

| | | | |
|---|---|---|---|
|  راہ<br>রাস্তা (রাহ্) | ر |  ذہن<br>স্মৃতিশক্তি (যেহ্ন) | ذ |
|  ژرف<br>গভীর (ঝরফ) | ژ |  زیور<br>অলঙ্কার (যেওর) | ز |
|  شمع<br>মোমবাতি (শাম‘) | ش<br>شـ |  سورج<br>সূর্য (সূরাজ) | س<br>سـ |
|  ضرورت<br>প্রয়োজন (যরূরাত) | ض<br>ضـ |  صندوق<br>বাক্স (সন্দূক) | ص<br>صـ |
|  ظہر<br>দুপুর (যোহর) | ظ |  طوفان<br>ঝড় (তূফান) | ط |
|  غبارہ<br>বেলুন (গুবারা) | غ<br>غـ |  عینک<br>চশমা (আইনাক) | ع<br>عـ |

| | | | |
|---|---|---|---|
|  قندیل<br>বাতি (কিনদীল) | ق<br>قـ |  فوج<br>সৈন্য (ফৌজ) | ف<br>فـ |
|  گوشت<br>গোশত (গোশত) | گ<br>گـ |  کشتی<br>নৌকা (কিশতী) | ک<br>کـ |
|  مٹی<br>মাটি (মিট্‌টী) | م<br>مـ |  لیچی<br>লিচু (লীচ্‌চী) | ل<br>لـ |
|   وقفہ<br>বিরতি (ওয়াকফা) | و |  نارنگی<br>কমলা (নারেঙ্গী) | ن<br>نـ |
|   یقین<br>বিশ্বাস (ইয়াক্বীন) | ي<br>يـ |  ہانڈی<br>হাঁড়ি (হান্ডী) | ه |

## অনুশীলনী-২

### ১. নিচের শব্দগুলো উচ্চারণ কর :

| | | | | |
|---|---|---|---|---|
| انڈا | ہانڈی | ذہن | ضرورت | نارنگی |
| ٹاٹ | پا | صندوق | پیچی | ظہر |
| دانت | غبارہ | سورج | یقین | عینک |

### ২. শব্দার্থ লেখ (উর্দূ থেকে বাংলা) :

| | | | | |
|---|---|---|---|---|
| ہانڈی | وقفہ | زیور | سورج | عینک |
| مٹي | جگر | صندوق | حلوا | ڈر |
| خانہ | ضرورت | قندیل | کشتي | فوج |
| ثمر | تاج | نارنگی | غبارہ | طوفان |

### ৩. শব্দার্থ লেখ (বাংলা থেকে উর্দূ) :

| | | | | |
|---|---|---|---|---|
| নৌকা | মোমবাতি | দাঁত | ফল | মুকুট |
| বাতি | রাস্তা | দুপুর | বিশ্বাস | বাগান |
| প্রয়োজন | সূর্য | স্মৃতিশক্তি | রাস্তা | অলঙ্কার |
| গভীর | চট | ভয় | কলিজা | বেলুন |